



গঙ্গা বিশ্ববিদ্যালয়

তারিখ: ১১ নভেম্বর ২০১৯/ ২৫ কার্তিক, ১৪২৬

অফিস আদেশ

গঙ্গা বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম এবং প্রসপেক্টাসে বর্ণিত নির্দেশনা অনুযায়ী কোন বিভাগের উদ্যোগে আয়োজিত বিদায় অনুষ্ঠান, নবীন বরণ বা অন্য কোন প্রোগ্রাম পালনের ক্ষেত্রে ক্যাম্পাসে রং ছিটানো, কারো শরীরে বা দেয়ালে রং দেয়াসহ অপসংস্কৃতিমূলক কোন কার্যক্রম চালানো যাবে না। সেই সাথে কোন অশ্লীল নাচ কিংবা গান অথবা কৌতুক পরিবেশন করা যাবে না। বাহিরের কোন শিল্পী ভাড়া করে কোন ব্যান্ড শো প্রদর্শন করা যাবে না। এমনকি র্যাগিং এর নামে জুনিয়রদের হয়রানী বা ভীতি প্রদর্শন করা যাবে না। এ ধরনের অভিযোগ পাওয়া গেলে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা থেকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত জরিমানা করা হবে।

অতএব এ ধরনের কার্যকলাপ থেকে বিরত থাকতে সকল শিক্ষার্থীকে কঠোরভাবে সাবধান করা হলো। সেই সাথে সম্মানিত বিভাগীয় প্রধানগণকে এ ব্যাপারে স্ব-স্ব শিক্ষার্থীদের প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে

অনুরোধ করা হলো।

(মো: দেলোয়ার হোসেন)

রেজিস্ট্রার

অনুলিপি

১. উপাচার্য মহোদয়, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
২. সকল অনুষদের ডীন, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
৩. অধ্যক্ষ, গঙ্গাস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
৫. সকল বিভাগীয় প্রধান, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
৬. উপ-রেজিস্ট্রার, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
৭. সিনিয়র সহকারী রেজিস্ট্রার, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
৮. প্রশাসনিক কর্মকর্তা, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
৯. সকল নোটিশ বোর্ড।
১০. অফিস নথি।